আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামুদ্রিক মৎস্য দপ্তর
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.marine.fisheries.gov.bd

নং ৩৩.০২.০০০০.২০২.৪৪.০১৫.১৪-১২০৮

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২ / ০২ নভেম্বর ২০২৫

নিলাম বিজ্ঞপ্তি

বিষয়: যান্ত্রিক ও আর্টিসানাল নৌযান থেকে আটক ও জব্দকৃত ট্রলডোর ও সংশ্লিষ্ট অন্যান্য লোহার সরঞ্জামাদি নিলাম প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কোস্টগার্ড পূর্ব জোন এবং সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম কর্তৃক বিভিন্ন সময়ে পরিচালিত অভিযানে যান্ত্রিক ও আর্টিসানাল নৌযান থেকে অবৈধভাবে সংযোজিত ট্রলডোর ও সংশ্লিষ্ট অন্যান্য সরঞ্জামাদি, যথা – উইঞ্চ, ক্রেন/ডেরেক ইত্যাদি জব্দ ও সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হয়। বাংলাদেশ কোস্টগার্ড পূর্ব জোন কর্তৃক আটক ও জব্দকৃত সরঞ্জামাদি বর্তমানে তাদের বিভিন্ন স্টেশন/আউটপোস্ট/কন্টিনজেন্টে এবং সামুদ্রিক মৎস্য দপ্তর কর্তৃক আটক ও জব্দকৃত সরঞ্জামাদি মেরিন ফিশারিজ সার্ভেল্যান্স চেকপোস্ট, পতেঙ্গা, চট্টগ্রাম এর পন্টুন ও অফিস প্রাঙ্গনে সংরক্ষিত রয়েছে (বিস্তারিত তালিকা পরিশিষ্ট ক – তে সংযোজিত)। বর্ণিত সরঞ্জামাদি আগামী ১২ নভেম্বর ২০২৫ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নৌ বানিজ্য দপ্তর, সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম এর সম্মেলন কক্ষে প্রকাশ্য নিলাম ডাকে নিম্নবর্ণিত শর্তাধীনে বিক্রয় করা হবে।

**শর্তাবলী:**

১) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ০৯ নভেম্বর ২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সামুদ্রিক মৎস্য দপ্তর, সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম –এ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য নাম অন্তর্ভুক্ত করতে হবে।

২) জামানত হিসাবে ফেরতযোগ্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা মাত্র নগদ জমা করে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য তালিকাভুক্ত হতে হবে। নাম অন্তর্ভুক্তির সময় এনআইডি ও টিন সার্টিফিকেট – এর ফটোকপি জমা দিতে হবে;

৩) নির্ধারিত সময়ের মধ্যে তালিকুভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যতীত নিলাম ডাকে অন্য কেউ অংশগ্রহণ করতে পারবেন না;

৪) নিলাম ডাকে সর্বোচ্চ ডাককারীকে তাঁর উদ্ধৃত মূল্য নিলাম কমিটির নিকট তাৎক্ষণিকভাবে জমা দিতে হবে;

৫) নিলামে উদ্ধৃত মূল্যের অতিরিক্ত হিসাবে উদ্ধৃত মোট মূল্যের ওপর সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর আদায় করা হবে। জামানতের টাকা এক্ষেত্রে সমন্বয় করা যাবে না, সম্পূর্ণ মালামাল সড়িয়ে নেয়ার পরে তা ফেরত দেয়া হবে;

৬) নিলাম আয়োজনের তারিখ হতে পরবর্তী ০৭ (সাত) দিনের মধ্যে বিক্রিত সরঞ্জামাদি নিজ খরচে পরিবহন করে নিয়ে যেতে হবে। বিশেষভাবে লক্ষনীয়, অত্র নিলাম ডাকে বিক্রয়যোগ্য সরঞ্জামাদি সামুদ্রিক মৎস্য আইন, ২০২০ অনুযায়ী অবৈধ বিধায় সেগুলোর পুনঃব্যবহার রোধকল্পে ক্রেতাকে নিজ খরচে সেগুলো কেটে পুন:ব্যবহারের অনুপযোগী করে স্ক্র্যাপ হিসাবে নিয়ে যেতে হবে;

৭) নিলাম ডাকে অংশগ্রহণের পূর্বে তালিকায় সংযুক্ত নিলামযোগ্য সরঞ্জামাদি (যেখানে যাহা বিদ্যমান) নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিদর্শন করা যাবে;

৮) নিলাম কমিটির কোন সদস্য বা তাঁর সাথে স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি বা তাঁর দপ্তরের কেহ এ নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন না;

৯) কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম কমিটি এ নিলামের যে কোন কার্যক্রম গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

Rahman
০২/১১/২৫
(মোঃ মশিউর রহমান)
সহকারী পরিচালক
ও
আহ্বায়ক, নিলাম কমিটি
ফোন: ০২৩৩৩৩১৩৫৩১

*অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য*

নং ৩৩.০২.০০০০.২০২.৪৪.০১৫.১৪-১২০৮(৩০)

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২
০২ নভেম্বর ২০২৫

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২) পরিচালক, সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম (ওয়েবসাইট/ নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৩) পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা (ওয়েবসাইট/নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৪) জোনাল কমান্ডার, বাংলাদেশ কোস্টগার্ড পূর্বজোন, মৎস্য বন্দর চট্টগ্রাম (ওয়েবসাইট/ নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৫) প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম (ওয়েবসাইট/ নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৬) জেলা মৎস্য কর্মকর্তা, চট্টগ্রাম/কক্সবাজার, (ওয়েবসাইট/নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৭) সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রাম/কক্সবাজার সদর, কক্সবাজার/টেকনাফ, কক্সবাজার (ওয়েবসাইট/ নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৮) আঞ্চলিক বেতার কৃষি কর্মকর্তা, কৃষি তথ্য সার্ভিস, সরকারি কার্যভবন ১, আগ্রাবাদ, চট্টগ্রাম (ওয়েবসাইট/নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৯) জনাব মোঃ জাকির হোসেন, পরিদর্শক, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১০) প্রশাসনিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম (ওয়েবসাইট/নোটিশবোর্ডে নিলাম বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

১১) জনাব ..........................................................

১২) সংশ্লিষ্ট নথি।

Rahman. ০২/১১/২৫

(মোঃ মশিউর রহমান)
সহকারী পরিচালক
ফোন: ০২৩৩৩৩১৩৫৩১

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

**পরিশিষ্ট 'ক'**

## নিলামযোগ্য সরঞ্জামাদির তালিকা ও অবস্থান

| ক্রমিক | অবস্থান | সরঞ্জামের বিবরণ | পরিমাণ/সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | | (২) | (৩) | (৫) |
| ১) | বিসিজি বেইস, চট্টগ্রাম | ডেরিক সেট (অংশ বিশেষসহ) | ১ | নিলামযোগ্য সরঞ্জামাদি যেখানে যাহা যে অবস্থায় বিদ্যমান তাহার ভিত্তিতে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। ক্রমিক ১-৬ সবগুলো একসাথে নিলাম ডাকের জন্য উন্মুক্ত করা হবে। অবস্থানভেদে আলাদা ভাবে নিলাম ডাক দেয়া যাবে না। |
| | | ট্রলডোর | ২ | |
| ২) | বিসিজি স্টেশন, কক্সবাজার | ডেরিক সেট (অংশ বিশেষসহ) | ১ | |
| | | ট্রলডোর | ২ | |
| | | চেইন | ৬ | |
| ৩) | বিসিজি আউটপোস্ট, শাহপরী, টেকনাফ, কক্সবাজার | ডেরিক সেট (অংশ বিশেষসহ) | ২ | |
| | | ট্রলডোর | ৪ | |
| | | ওয়্যার রোপ | ৪ | |
| ৪) | বিসিজি কন্টিনজেন্ট, বাঁশখালী, চট্টগ্রাম | ডেরিক সেট (অংশ বিশেষসহ) | ৫ | |
| | | উইঞ্চ (অংশ বিশেষসহ) | ১০ | |
| | | ট্রলডোর | ১০ | |
| | | ওয়্যার রোপ | ১০ | |
| ৫) | মেরিন ফিশারিজ সার্ভেল্যান্স চেকপোস্ট, পতেঙ্গা, চট্টগ্রাম। | ডেরিক সেট (অংশ বিশেষসহ) | ১ | |
| | | ট্রলডোর | ২ | |
| ৬) | মেরিন ফিশারিজ সার্ভেল্যান্স চেকপোস্ট, পতেঙ্গা, চট্টগ্রাম (১১নং ঘাট সংলগ্ন পন্টুন) | ডেরিক সেট (অংশ বিশেষসহ) | ২ | |
| | | ট্রলডোর | ৪ | |

(মোঃ জাকির হোসেন)
পরিদর্শক
সামুদ্রিক মৎস্য দপ্তর
আগ্রাবাদ, চট্টগ্রাম।

মোঃ মশিউর রহমান
পরিচিতি নং ০০৪২৫
সহকারী পরিচালক
সামুদ্রিক মৎস্য দপ্তর
আগ্রাবাদ, চট্টগ্রাম